

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৫৮৩

8২. শরাবের বর্ণনা অধ্যায় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ১. মদ্য পানের শাস্তি

باب الْحَدِّ فِي الْخَمْرِ

আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك عَنْ ابْنِ شِهَابٍ عَنْ السَّائِبِ بْنِ يَزِيدَ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ خَرَجَ عَلَيْهِمْ فَقَالَ إِنِّي وَجَدْتُ مِنْ فُلَانٍ رِيحَ شَرَابٍ فَزَعَمَ أَنَّهُ شَرَابُ الطِّلَاءِ وَأَنَا سَائِلٌ عَمَّا شَرِبَ فَإِنْ كَانَ يُسْكِرُ جَلَدْتُهُ فَجَلَدَهُ عُمَرُ الْحَدَّ تَامَّا

বাংলা

রেওয়ায়ত ১. সায়িব ইবন ইয়াযীদ (রাঃ) হইতে বর্ণিত, তাহাকে সংবাদ দেওয়া হইয়াছে, উমর (রাঃ) তাহাদের নিকট আসিয়া বলিলেন, আমি অমুকের (উমর-তন্য় উবায়দুল্লাহর) মুখ হইতে মদের গন্ধ পাইলাম। সে বলে, আমি আঙ্গুরের রস পান করিয়াছি। আমি বলিলাম, যদি উহাতে মাদকতা থাকে তাহা হইলে শান্তি দিব। অতঃপর উমর ইবন খাতাব (রাঃ) তাহাকে পূর্ণ শাস্তি প্রদান করিলেন।[1]

English

Yahya related to me from Malik from Ibn Shihab that as-Sa'ib ibn Yazid informed him that Umar ibn al-Khattab came out to them. He said, "I have found the smell of wine on so-and-so, and he claimed that it was the drink of boiled fruit juice, and I am inquiring about what he has drunk. If it intoxicates, I will flog him." Umar then flogged him with the complete hadd.

ফুটনোট

[1] মূলে (طمل) শব্দ রহিয়াছে। যদি আঙ্গুরকে এত পাকান হয় যে, তাহা গাঢ় হইয়া যায়, যেমন দুই-তৃতীয়াংশ শুকাইয়া এক-তৃতীয়াংশ থাকিয়া যায় তখন উহাকে (طلل) বলে। উবায়দুল্লাহকে আশিটি বেত্রাঘাত মারা হইয়াছিল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন